

# সুপ্রিয় ফণী

১

সমুদ্র চীৎকার করে...

তার গর্ভে গাঢ় বিস্ফোরণ

অপার্থিব আলোড়ন জলের শরীরে

জন্ম নেয় সুনামির টেউ...

জলের অভাবে শুধু নয়,

জলের প্রাচুর্যেও মরে !

২

সবাই মানুষ, তাই সকলেই ব্যর্থ কামনায়

নিজের বেহস্তু ছুঁতে চায়...

সকলেই ঘেরা টোপে, সকলেই সংবাদবিহীন

কেউ কারো অনাঞ্চীয়, কেউ কারো প্রিয় প্রতিদিন ।।

৩

এক অদ্ভুত ভীড়; মদ্যপ মহাসমাগম

কেউ কি মদকে বেশি ভালোবাসে ?

কেউ প্রিয় নারীটিকে কম ?

পানশালা ভরে ওঠে গুঞ্জনে, নাকি হাহাকারে ?

উদাম তরলযাত্রা; কে কার খবর নেবে আর ?

সকলেই ফিরে যায় যে যার মতন বিছানায়

কারো পাশে পুরনারী, কেউ পৌর খোলা নর্দমায়

কুশল জানতে তবু ফিরে আসে এরা... বারে বারে...

৪

খরায় ফসল পোড়া, জল নেই, ধর্মের কল

বাতাসে নড়েছে খুব... জমি ভাগ... মুর্খের দল

জানে না সময় সব ভেঙে দেবে... সব নির্মান

প্রাচীন যোদ্ধার রক্তে, পূর্ণকুন্তে মহাপুণ্যম্বান...  
সৃষ্টিসংধান